মেয়েটি আমার থাকবে

# কল্যাণময় উপদেশে পুণ্যময় আমলে


| | |
|---|---|
| | মেয়েটি আমার থাকবে |
| বই | **কল্যাণময় উপদেশে, পুণ্যময় আমলে** |
| মূল | শাইখ খাইর রামাদান ইউসুফ |
| অনুবাদ | হামজাহ ফাহাদ |
| সম্পাদনা | মুহাম্মদ পাবলিকেশন সম্পাদনা পর্ষদ |
| প্রচ্ছদ | আবুল ফাতাহ মুন্না |
| প্রকাশক | মুহাম্মদ আবদুল্লাহ খান |
| অঙ্গসজ্জা | মুহাম্মদ পাবলিকেশন গ্রাফিক্স টিম |

মেয়েটি আমার থাকবে

# কল্যাণময় উপদেশে পুণ্যময় আমলে

শাইখ খাইর রামাদান ইউসুফ

মুহাম্মদ পাবলিকেশন

মেয়েটি আমার থাকবে
কল্যাণময় উপদেশে
পুণ্যময় আমলে

প্রকাশকাল : নভেম্বর ২০২৪

প্রকাশনায়

**মুহাম্মদ পাবলিকেশন**

ইসলামী টাওয়ার, আন্ডারগ্রাউন্ড, দোকান নং # ২
১১/১ ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা-১১০০
+৮৮ ০১৩১৫-০৩৬৪০৩, ০১৬২৩-৩৩ ৪৩ ৪২

**গ্রন্থস্বত্ব : প্রকাশক কর্তৃক সংরক্ষিত**

**পরিবেশক**
রংতুলি প্রকাশন ও দারুত তিবইয়ান

**মূল্য : BD ৳ ১০০, US $ 8, UK £ 5**

**MAYETI AMAR THKBE KOLLANMOI**
**UPODESE, PUNNOMOI AMOLE**
**Writer :** Shaykh Khair Ramadan Yusuf

Published by
**Muhammad Publication**
11/1 Islami Tower, Banglabazar, Dhaka-1100
+88 01315-036403, 01623-334342

**ISBN : 978-984-99191-1-7**

স্বত্ব সংরক্ষিত। লেখকের লিখিত অনুমতি ব্যতীত বইটির কোনো অংশ ইলেক্ট্রনিক বা প্রিন্ট মিডিয়ায় পুনপ্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ। বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা, ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং আইনত দণ্ডনীয়।

## অর্পণ

আমার বর্ণিল অবকাশের রূপকার একমাত্র ছোট বোনকে। তোর ভবিষ্যৎ জীবন সুখময় হোক।

# প্রকাশকের কথা

যেদিকে তাকাই শুধু আনন্দ, শুধু কল্যাণ, শুধু রহমত। এই আনন্দ একটি নারীজন্মের জন্য। এই কল্যাণ একটি শুভ্রতার জন্য। এই রহমত একটি আশীর্বাদের জন্য।

যে নারী, যে হবে পবিত্র, শুচিশুভ্র ও রহমতের ভরপুর ভান্ডার। সে নারী কারো মা, কারো বোন, কারো প্রিয়তমা বা কোনো পরমাত্মীয়া অথবা আনজানা কোনো অপরিচিতা, কিন্তু সে নারী, সে আবরণী, সে মাহফুজা ও হিজাবে আবৃতা কোনো সুফিয়া আদর্শময়ী দরবেশনন্দিনী। তার জন্য একজন নিজস্ব মানুষ আছে, একটি পরিবার আছে, একটি রাষ্ট্র বা সভ্যতা-শিষ্টাচার আছে। সে মুক্ত কিন্তু বল্গাহীন নয়। সে সুন্দর কিন্তু অরক্ষিত নয়। সে কর্মিষ্ঠা কিন্তু সে কখনোই অন্যের হাতের পুতুলটি নয়।

এমন আশ্চর্য সকল নসিহা ও উপদেশের একটি তরতাজা ফুলেল ডালি নিয়ে হাজির হয়েছি এবার আমরা, প্রিয় পাঠক আপনাদের শাহি অধ্যয়নের জ্ঞানপীঠে। মুহাম্মদ পাবলিকেশন বরাবরই প্রয়াস পেয়েছে এমন প্রজ্ঞাপূর্ণ হৃদয়-জাগানিয়া ও গঠনমূলক বইপুস্তক বোদ্ধা-পাঠকের সম্মানে হাজির করতে। ‘মেয়েটি আমার থাকবে কল্যাণময় উপদেশে পুণ্যময় আমলে’ শীর্ষক বইটিও অনুরূপ একটি বই।

যে বইয়ের অধিপাঠ আপনাকে নিরাশ করবে না কখনোই ইনশাআল্লাহ, এ আমরা নিঃশঙ্ক চিত্তে বলতে পারি।

বইটির লেখক শাইখ রামাদান ইউসুফ একজন মিশরিয় দাঈ ও লব্ধপ্রতিষ্ঠিত চিন্তক। দীনিয়াতের উপর লিখিত তার বইপুস্তক ইতোমধ্যে ব্যাপক পাঠকের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। সেই দিকটি বিবেচনায় রেখেই মুসলিম উম্মাহর বৃহত্তর স্বার্থে বইটির অনুবাদ নিয়ে এসেছি আমরা। এটি অনুবাদ করেছেন তরুণ-তুর্কি লেখক হামজাহ ফাহাদ। তার অনুবাদ বেশ ঝরঝরে, সহজপাঠ্য ও হৃদয়গ্রাহী।

পরিশেষে মহান আল্লাহ তাআলার কাছে শোকরিয়া আদায় করছি মুহাম্মদ পাবলিকেশন থেকে এমন একটি বই আনয়নের তাওফিক প্রদানের জন্য এবং দরুদ ও সালাম বর্ষিত হোক হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি, যিনি সংশ্লিষ্ট বিষয়ে এই পৃথিবীতে আমাদের জন্য উজ্জ্বল ও অদ্বিতীয় একজন আদর্শ শিক্ষক ও রাহবার।

প্রিয় পাঠক, বইটিকে নিখুঁত ও নির্ভুলভাবে উপস্থাপনের সর্বাত্মক চেষ্টা করা হয়েছে। তথাপি কোনো ভুলবিচ্যুতি কারো নজরে এলে আমাদের জানিয়ে বাধিত করবেন। পরবর্তী সংস্করণে আমরা তা অবশ্যই শোধরে নেব ইনশাআল্লাহ।

হে রব্বে কারিম, কিয়ামতের দিন এ বইটিকে আমাদের নাজাতের উসিলা বানিয়ে দিন, আমিন। ওমা আলাইনা ইল্লাল বালাগ।

—মুহাম্মদ আবদুল্লাহ খান
২০ নভেম্বর, ২০২৪

# সূ চি প ত্র


ধর্মই জীবনের মূলকথা—১৩
আদাব-আখলাক—১৫
কল্যাণময় উপদেশ ও কিছু নির্দেশনা—১৮
আজিব নাসিহা—২৫
গবেষণা ও উদ্যমতা—২৯
দাওয়াত ও দায়িত্ব—৩৪
বান্ধবীদের সঙ্গে সম্পর্ক—৩৮
বিনোদন ও নোংরামি—৪২
দুআ ও বন্দেগি—৪৫
হিজাব প্রসঙ্গে কিছু কথা—৪৮
দাম্পত্য জীবন—৫০
বাড়ির চৌহদ্দিতে—৫৩
সন্তান লালনপালন—৫৫
মাতৃত্ব ও কর্মক্ষেত্র—৬১
পরিশিষ্ট—৬৪

মেয়েটি আমার থাকতে

# কল্যাণময় উপদেশে পুণ্যময় আমলে

## ধর্মই জীবনের মূলকথা

হে আমার মেয়ে, ধর্মীয় জ্ঞান অর্জন করো। বিশেষত ফিকাহ ও মাসআলা-মাসাইলের কিতাবাদি অধ্যয়ন করো। নিয়মিত রেডিও, টেপরেকর্ডারে প্রচারিত গবেষণামূলক লেকচারগুলো মনোযোগ দিয়ে শোনো। ফকিহদের সান্নিধ্য অবলম্বন করো। নব উদ্ভূত সমস্যার সমাধান ইসলামিক স্কলারদের কাছ থেকে জেনে নাও। যেন এত এত ভুলের ছড়াছড়ির মাঝে সঠিকটা চিনতে পারো। পার্থক্য করতে পারো হালাল-হারাম। যাপিত জীবনের ঘটে যাওয়া ঘটনা থেকে শিক্ষা নিতে পারো। মোটকথা, তুমি হয়ে উঠো মহীয়সী কন্যা। যে কিনা পরিবার সামলাবে। এবং অপরকেও সঠিক পথের দিশা দেবে।

হে আমার মেয়ে, তুমি তো জানোই, ইসলাম একটি শাশ্বত ধর্ম। ইসলাম সৎপথে চলতে বলে। তাহলে কেন এত ইতস্ততা বা অযথা কালক্ষেপণ? বা লজ্জায় নিজেকে গুটিয়ে রাখা? তুমি তো দেখি সত্য ও ন্যায়ের পথে চলতে লজ্জা অনুভব করছ। অথচ দেখো, তারা সমূহ অসৎ ও গর্হিত পথে চলতে একটুখানি লজ্জাও অনুভব করছে না। তাহলে তুমি কেমন?

হে আমার মেয়ে, একনিষ্ঠতা অলৌকিকতার জন্ম দেয়। এবং উত্তম ফলাফল বয়ে আনে। এর ফলে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা সামান্য আমলে অসামান্য বরকত দান করেন। তুমি কল্পনাও করতে পারবে না, স্বল্প আমল কীভাবে এত বিশালতায় রূপ নিয়ে নেয়। মেয়ে আমার, দীর্ঘসময় ধরে তোমার হৃদয়ে গেঁথে থাকা তুচ্ছ কোনো কথার প্রতিক্রিয়াটি স্মরণ করো। পক্ষান্তরে কখনো কখনো দীর্ঘ লেকচার শুনে নিজের জন্য দুয়েকটি কথাও নিতে পারো না। এটাই একনিষ্ঠতা, যা হৃদয় হতে হৃদয়ে প্রভাব ফেলে। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তাতে ভরপুর বরকত দেন। ফলে যার মধ্যে উর্বরতা ও মানার মানসিকতা থাকে, তাকে উপকৃত করেন।